

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০২৫(আগরতলা ১৯।০৯)
আগরতলা, ১৯ সেপ্টেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি ভুলন সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য, সংশ্লিষ্ট কমিটির সদস্য-সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় পূর্ত দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে জেলার জিরানীয়া মহকুমায় ৪১.৪৯০ কিলোমিটার রাস্তা সংস্কারের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরমধ্যে ১১ কিলোমিটার রাস্তা সংস্কারের কাজ শেষ হয়েছে। মোহনপুর মহকুমায় ২৫.৬১৮ কিলোমিটার রাস্তা সংস্কারের কাজ চলছে। এছাড়া এই মহকুমার বামুটিয়া ব্লকের দুগাংগি উচ্চ বিদ্যালয়ের সংস্কারের কাজ শেষ হয়েছে। এজন্য মোট ব্যয় হয়েছে ৯১ লক্ষ ১১ হাজার ১০০ টাকা। এই ব্লকেরই বিনোদিনী ইংরেজি মাধ্যম স্কুলের শৌচালয় নির্মাণের কাজ চলছে। কানাই কর অঙ্গনওয়াড়ি সেন্টারের শৌচালয় নির্মাণের কাজই চলছে। উল্লেখ্য, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের তহবিল থেকে এই কাজগুলি করা হচ্ছে।

প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় চলতি অর্থবছরে পশ্চিম জেলার মোহনপুর মহকুমার বিভিন্ন ব্লকে ৫০.৬৯৭ কিলোমিটার, জিরানীয়া মহকুমায় ১০.৯৩ কিলোমিটার এবং ডুকলি ব্লকে ১৬.৮৮৮ কিলোমিটার রাস্তা সংস্কার ও উন্নয়ন করা হচ্ছে। এই কর্মসূচি বাস্তবায়নে ৭৩ কোটি ৪৩ লক্ষ ৪৮ হাজার ৮২৬ টাকা ব্যয় হবে। বিদ্যুৎ নিগমের জেলা প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে জেলার বিদ্যুৎ নিগমের সার্কেল-১ এর ডিডব্লিউএস স্কিমের ৬৩টি পাম্প হাউসে বিদ্যুৎ সংযোগ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ৫৬টি পাম্প হাউসে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। স্মলবোর স্কিমে ৫৯টি পাম্প হাউসের মধ্যে ৪২টি পাম্প হাউসে এবং ডিটিডব্লিউ উত্তোলক সেচ প্রকল্পে ১০টি পাম্প হাউসের মধ্যে ৫টি পাম্প হাউসে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। সভায় ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য জেলার পুরাতন বিদ্যুতের লাইন ও খুঁটিগুলি সংস্কার করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিনিধিও জেলার বিভিন্ন পরিকাঠামোমূলক কর্মসূচি নিয়ে আলোচনা করেন।
